# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্যের ৫ টি বিধানসভা আসনে আগামী ১৩ নভেম্বর অনুষ্ঠেয় উপনির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের ব্যাপক প্রচার অভিযান।

২) প্রতিবেশি রাষ্ট্র ভূটানের সঙ্গে পারস্পরিক সম্পর্ক শক্তিশালী করার অংশ হিসেবে রাজ্যপাল লক্ষ্মণপ্রসাদ আচার্য এবং ভূটানের প্রধানমন্ত্রী দাসো সেরিং টবগে-র বাক্সা জেলার দরঙ্গায় ইমিগ্রেসন তল্লাশি চৌকির নতুন ভবনের উদ্বোধন।

৩) কেন্দ্রীয় সরকার শীঘ্র সন্ত্রাসবাদ প্রতিরোধের জন্য নতুন জাতীয় সন্ত্রাসবাদ প্রতিরোধী নীতি ও কৌশল প্রস্তুত করবে বলে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ঘোষণা।

এবং

৪) ছট পূজার আজ তৃতীয় দিনে ভক্তদের নদীর তীরে অস্তগামী সূর্যকে অর্ঘ্য/ আগামীকাল সকালে উদিত সূর্যের উপাসনায় চারদিনব্যাপী উৎসবের সমাপ্তি।

---------------------------------------------------------------------------

ধলাই সহ রাজ্যের পাচটি বিধানসভা আসনে আগামী ১৩-ই নভেম্বর অনুষ্ঠেয় উপনির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল প্রচার অভিযান জোরদার করে তুলেছে । মুখ্যমন্ত্রী তথা বিজেপির প্রবীন নেতা হিমন্ত বিশ্ব শর্মা আজ সামাগুড়ি ও

বিহালী আসনের দলীয় প্রার্থী দুজনের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নেন । মুখ্যমন্ত্রী সামাগুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠ , বিহালী স্নাতক মহাবিদ্যালয়ের খেলার মাঠ ও মহাবীর বিদ্যালয় খেলার মাঠে অনুষ্ঠিত নির্বাচনী সভায় উন্নয়নের স্বার্থে দলীয় প্রার্থী দুজনকে সমর্থন  করতে আহ্বান জানান ।

আসাম প্রদেশ কংগ্রেস সভাপতি ভুপেন বরা সিদলী বিধানসভা আসনে দলীয় প্রার্থীর হয়ে বেশ কয়েকটি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন ।

এদিকে ধলাই বিধানসভা আসনে ক্ষমতাসীন  বিজেপি সহ অন্যান্য রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা প্রার্থীর হয়ে প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন ।

কাছাড় জেলার অভিবাবক মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া দলীয় প্রার্থীর হয়ে আজ ও প্রচার অভিযানে অংশ নিয়েছেন ।অন্যদিকে বিরোধী কংগ্রেস সহ অন্যান্য দলের শীর্ষ নেতারা সহ দলীয় সদস্যরা প্রচার অভিযান জোরদার করে তুলেছেন ।

---------------------------------------------------------------------------------

ধলাই বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য এস ইউ সি আই (সি) দলের মনোনীত প্রার্থী গৌর চন্দ্র দাসের সমর্থনে আজ ধোয়ারবন্দ বাজার , ধলাই বাজার , মনিয়ারখাল বাজার ও লায়লাপুর বাজারে পথসভার আয়োজন করে নির্বাচনী প্রচার চালানো হয় ।

---------------------------------------------------------------------------------

প্রতিবেশী রাষ্ট্র ভূটানের সংগে পারস্পরিক সম্পর্ক শক্তিশালী করার অংশ হিসেবে আজ বাক্সা জেলার দরঙ্গায় একটি ইমিগ্রেশন তল্লাসী চৌকির নতুন ভবনের উদ্বোধন করা হয় । উভয় দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক শক্তিশালী করার লক্ষে এই ভবন নির্মাণ করা হয়েছে ।ভুটান সীমান্ত থেকে ৭০০ মিটার দূরে অবস্থিত ভূ - বন্দরটি উভয় দেশের মধ্যে সম্পর্ক সুদৃঢ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহন করে আসছে । অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মনপ্রসাদ আচার্য ও ভূটানের প্রধানমন্ত্রী দাসো সেরিং টবগে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।  অনুষ্ঠানে কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , কেন্দ্রীয় মন্ত্রী সঞ্জয় কুমার , সাংসদ দিলীপ শইকীয়া , বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্র মোহন পাটোয়ারী সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন । উল্লেখ্য এই নতুন ভবন ভারত ও ভুটানের বন্ধুত্বপূর্ন সম্পর্ক অধিক শক্তিশালী করতে সহায়তা করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার শীঘ্র সন্ত্রাসবাদ প্রতিরোধের জন্য নতুন জাতীয় সন্ত্রাসবাদ প্রতিরোধী নীতি ও কৌশল প্রস্তুত করবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ঘোষনা করেছেন ।আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত দুদিনব্যাপী সন্ত্রাসবাদ বিরোধী সম্মেলন ২০২৪ এর

উদ্বোধন করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কার্যভার গ্রহণ করার পর গত ১০ বছরে সরকার সন্ত্রাসবাদের বিরুদ্ধে কঠোর দৃষ্টিভংগী গ্রহণ করে আসছে ।তিনি বলেন যে শ্রী মোদীর সন্ত্রাসবাদের প্রতি শূন্য সহনশীলতা নীতিকে বিশ্বের বিভিন্ন দেশ ভূয়সী প্রশংসা করেছে ।গত ১০ বছরে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করার জন্য একটি শক্তিশালী ব্যবস্থা গড়ে তোলা হয়েছে বলে উল্লেখ করে শ্রী শাহ বলেন যে ২০০৬ সালথেকে ২০১৩ সাল পর্যন্ত সময়কাল থেকে ও ২০১৪ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত দেশে সন্ত্রাসজনিত ঘটনা ৭০ শতাংশ হ্রাস পেয়েছে । শ্রী শাহ বলেন যে চলতি বছরে প্রবর্তন করা তিনটি নতুন ফৌজদারী আইন বিশ্বের মধ্যে সবচেয়ে আধুনিক ও কারিগরীভাবে অগ্রগতির দিকে পরিগনিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

আজ জাতীয় ক্যান্সার সচেতনতা দিবস । এই দিবস ২০১৪ সালের ৭ নভেম্বর থেকে প্রতি বছর পালন করা হচ্ছে । এই দিবসের মাধ্যমে এই মারণব্যাধির প্রতিরোধ , শুরুতেই শণাক্তকরণ এবং উপযুক্ত চিকিৎসা সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টির প্রয়াস করা হচ্ছে । ক্যান্সার রোগের চিকিৎসার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে আসা রেডিয়াম ও পোলনিয়ামের আবিষ্কারক তথা পোলান্ড -ফ্রান্সের রসায়নবিদ মেরী কুরীর জন্মদিনও আজকের দিনেই উদযাপন করা হয় ।

জাতীয় ক্যান্সার সচেতনতা দিবসে দেশের সরকারী হাসপাতাল ,কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য প্রকল্প ও পৌর স্বাস্থ্য কেন্দ্রগুলিতে জনসাধারণের বিনামূল্যে পরীক্ষার ব্যাবস্থা করা হয় ।এই দিবসের বিষয়ে ২০১৪ সালের সেপ্টেম্বরে সেইসময়ের কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ড.হর্ষবর্ধন ঘোষনা করেছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

অরুনাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু বলেছেন যে সরকার রাজ্যে আরো তিনটি মেডিকেল কলেজ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে । এই মেডিকেল কলেজগুলি পূর্ব সিয়াংগ , নামসাই এবং পশ্চিম কামেং জেলায় স্থাপন করা হবে । গতকাল ইটানগরের টমো রিবা ইনষ্টিটিউট অফ হেলথ এন্ড মেডিকেল সাইন্স ( থ্রিমস) এর এক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে একথা জানান । এবারের এই একাডেমিক বছর থেকে থ্রিমস এ এম বি বি এস পাঠক্রমের আসন সংখ্যা ৫০ থেকে ১০০ করা হবে বলে শ্রী খান্ডু জানান ।শ্রী খান্ডু আরো বলেন আসামের বি বরা ক্যানসার প্রতিষ্ঠানের এর সংগে অরুনাচল প্রদেশের রাজ্য ক্যানসার প্রতিষ্ঠানের একটি সমঝোতা চুক্তি সম্পাদিত হোয়ায় রাজ্যের বর্ধিত ক্যান্সার রোগীর সংখ্যা নিয়ে  নিরীক্ষনে সহায়তা হবে ।

-----------------------------------------------------------------------------------------

ভারতীয় তথ্য সেবার প্রবীন আধিকারিক রাজীব লোচন বরঠাকুর আজ আকাশবানী গৌহাটীর সংবাদ বিভাগের উপ-সঞ্চালক  হিসেবে যোগদান করেছেন । শ্রী বরঠাকুর আকাশবাণী গৌহাটী সহ কেন্দ্রীয় চলচ্চিত্র প্রমাণন পরিষদের গৌহাটীস্থিত কার্যালয়েও আঞ্চলিক আধিকারিক হিসেবে কার্যনির্বাহ করবেন । আজ কার্যালয়ে যোগদান করার পর তিনি আকাশবানীর সংবাদ বিভাগের আধিকারিক ও কর্মচারীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে আঞ্চলিক সংবাদের মান উন্নত করার ক্ষেত্রে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন ।

-----------------------------------------------------------------------------------------

সূর্য দেবতাকে ধর্মীয় রীতি-নীতি অনুসারে আরাধনা করে কল্যাণ কামনায় সম্পন্ন করা ছট পূজার আজ তৃতীয় দিন ভক্তরা নদীর তীরে অস্তগামী সূর্যকে অর্ঘ্য প্রদান করে । আগামীকাল সকালে উদিত সূর্যের উপাসনার মাধ্যমে চারদিনব্যাপী এই সমাপ্তি হবে ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ছট পূজা উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি এক বার্তায় বলেন যে ছট পূজা দেশের প্রাচীন উৎসবসমূহের মধ্যে অন্যতম এবং সূর্য দেবতার উপাসনার একটি উপলক্ষ । শ্রীমতি মুর্মু এই উৎসব জনসাধারণের জীবনে আনন্দের বার্তা বয়ে নিয়ে আসবে  এবং এরফলে প্রকৃতির প্রতি শ্রদ্ধা বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও আজ ছট উৎসবের তৃতীয় দিন দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী মোদী বলেন যে ছট সন্ধ্যা অর্ঘ্য উৎসব সরলতা ,সংযম, সংকল্প এবং উৎসর্গের প্রতীক । এই উৎসব সবার জীবনে সুখ ,সমৃদ্ধি ও সৌভাগ্যের বার্তা বয়ে নিয়ে আসুক বলে প্রধানমন্ত্রী কামনা করেন ।

মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মাও ছট পূজা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।মূখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় এই শুভক্ষণে ছট মাতা এবং সূর্যদেব নিজের আশীর্বাদে সবার জীবন ধন্য করবে বলে আশা প্রকাশ করেন । সেইসঙ্গে তিনি সবার সুখ ,শান্তি এবং সমৃদ্ধির কামনা করেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ছট পূজার তৃতীয় দিনে অস্তগামী সূর্যকে ভক্তরা অর্ঘ্য প্রদান করেছেন । এ উপলক্ষ্যে আজ বরাক নদীর তীর সহ উপত্যকার বিভিন্ন নদীর তীরে সাজানো অস্থায়ী ঘাটগুলিতে অগণিত ভক্ত সমাগম হয়েছে ।

বরাক উপত্যকার চা বাগান অঞ্চল সহ তিন জেলার হিন্দিভাষাভাষী জনসাধারণের মধ্যে ছট পূজাকে কেন্দ্র করে  ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে ।কাছাড় জেলার সদরঘাট , অন্নপূর্ণা ঘাট সহ সুন্দর করে সাজানো অন্যান্য অস্থায়ী ঘাটগুলিতে আজ অস্তগামী সূর্যকে ভক্তরা অর্ঘ্য প্রদান করেন ।
শিলকুড়ি বরমবাবা মন্দির প্রাঙ্গণে ছটপূজো উপলক্ষে বিশেষ মণ্ডপ বানিয়ে পূজোর আয়োজন করা হয়েছে । এছাড়াও উপত্যকার গ্রাম এবং বাগান অঞ্চলে এই পূজোকে কেন্দ্র করে উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার বদরপুর ছট পূজা সংগঠনের উদ্যোগে উৎসাহ উদ্দীপনার সঙ্গে ছট পূজা উদযাপন করছে । পূজা উপলক্ষ্যে নদীর পারে যাতে ভক্তদের পূজা সম্পন্ন করতে কোনোধরণের
অসুবিধার সম্মুখিন না হতে হয় তেমনভাবে সাজানো হয়েছে । এদিকে ছটপূজা উপলক্ষ্যে প্রশাসন পর্যাপ্ত ব্যাবস্থা গ্রহণ করেছে ।

হাইলাকান্দি জেলায়ও ছটপূজাকে কেন্দ্র করে আনন্দের পরিবেশ বিরাজ করছে । জেলার বিভিন্ন নদী ঘাটসমূহে সূর্য্য দেবতাকে অর্ঘ্য প্রদানের মাধ্যমে ছটপূজা অনুষ্ঠিত হয়েছে ।হাইলাকান্দি শহরের স্টেশন রোড এবং রেল গেট ভৈরব বাড়ীর পাশে উৎসবমূখর পরিবেশে ছটপূজা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------